খণ্ড ২০ সংখ্যা ৪ জানুয়ারী ২৩-২৯, ১৯৮৩ টাইম্‌স অফ ইণ্ডিয়া প্রকাশ



# ইন্দ্রজাল কমিকস্





জীবন ও হনু আলোচনা করছে
কুকুর আর তাদের সাহসিকতার বিষয়ে
কুকুর হ'ল সর্বদাই মানুষের সবচেয়ে বিশ্বস্ত ও পোষা প্রাণী। তার চেয়েও বড় কথা, ওরা ওদের সর্বোত্তম বন্ধু মানুষকে বিপদ থেকে উদ্ধার করার বা তাদের জীবন রক্ষার কাজে অত্যন্ত সাহস ও বুদ্ধিমত্তার পরিচয় দেয়।
রিকি ছিল একটি ওয়েলস্ শীপ ডগ, যাকে ২য় বিশ্বযুদ্ধের সময়ে মাটির নীচে পোঁতা বোমার (মাইনস্) হদিস করতে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। একবার ১৯৪৪ সালে একটি মাইনস্ বিস্ফোরণে রিকি আর তার মালিক ভীষণভাবে আহত হয়। বিপজ্জনক সেই মাইনস্ অতিক্রম করে তাদের জীবন বাঁচাবার জন্য কেউই অগ্রসর হতে সাহস পাচ্ছিল না। তখন আহত রিকি বীরত্বের সঙ্গে নিরাপদ রাস্তা ধরে ডাক্তারদের পথ দেখিয়ে তার অর্ধমৃত মালিকের কাছে পৌঁছিয়ে দিয়েছিল।
আরেকটি চমকপ্রদ উদ্ধার কাহিনীর নায়ক হ'ল ল্যাডি। সে হল জাতে গোল্ডেন রিট্রিভার। ১৯৪৭ সালে সমুদ্রের তীরে খেলতে খেলতে সে একটি আর্তনাদ শুনল—আর তাকিয়ে দেখল এক ডুবন্ত নৌকোতে দুটো ছেলে আঁকুপাকু করছে। ল্যাডি তৎক্ষনাৎ সাঁতার দিয়ে সেখানে পৌঁছে গেল ও তাদের ওর গলাবন্ধনী ধরতে দিল। তারপর সে নৌকাটিকে টানতে টানতে সাঁতার দিয়ে তীরে ফিরে এল।
সুইজারল্যাণ্ডের আলপস পাহাড়ঞ্চলে সেন্ট বানার্ড কুকুরকে এমনভাবে প্রশিক্ষণ দেওয়া হয় যাতে তারা বরফে আটকেপড়া বা চাপাপড়া মানুষদের উদ্ধার করতে পারে। গত ৩০০ বছরে ২৫০০ টিরও বেশী জীবন এইভাবে রক্ষা পেয়েছে। পীড়িত ব্যক্তিদের শরীরে উষ্ণতার আমেজ আনবার জন্য সেন্ট বার্নাড সবসময়ে ব্রাণ্ডির একটা ছোট বোতল তাদের কাছে রাখে। এর মধ্যে বিখ্যাত হ'ল ব্যারী, যে ১৮০০ সালে তার মৃত্যুর আগে পর্যান্ত ৪০ জনেরও বেশী প্রাণ রক্ষা করেছে।
কোন কোন কুকুরকে রাস্তা দেখানোর ও জীবন রক্ষার ব্যাপারে প্রশিক্ষণ দেওয়া হয়।
বস্তুতঃ ওরা ওদের অন্ধ মালিকদের চোখ হিসাবেই কাজ করে। কুকুরটি তার মালিককে ভিড়ের মধ্যে পথ দেখিয়ে নিয়ে যায়। আততায়ীর আক্রমণ থেকে বাঁচায় আবার কখনও কখনও প্রভুর অবাধ্যও হয়—যদি দেখে সে বাধ্য হলে মালিকের ক্ষতি হবার সম্ভাবনা আছে।
জীবন বীমা আপনার সারাজীবনের সাথী হতে পারে—আপনার স্বার্থকে বিশ্বস্তভাবে রক্ষা করতে পারে। এ বিষয়ে বিশদ জেনে নিন।
daCunha/LIC/133/82 BN
ভারতীয় জীবন বীমা নিগম



কুয়াশার কালো ছায়া
ওখানে হলটা কি?..
...বোধহয় কোন খানসামা আগুনে পুড়েছে!
মাজঁথেঁর আস্তানা
মাইক নিশ্চই বুঝতে পারছ... দোষটা হল তোমার!
কি... কি হয়েছে, ল্যাঙ্ক?
একটা গুন্ডা তোমাকে খুঁজতে এসে মা-র এই অবস্থা করেছে!
তুমি আর এখানে থাকনা...এ কথা বলতেই লোকটা দারুন রেগে গেল!
আমার ভাল লাগছেনা!
ভেব না,মা... আমি চলে যাচ্ছি, তোমাকে বিপদে ফেলব না!
গুন্ডারা আমাকে খুঁজতেই পারে ... কিন্তু তাই বলে আমার বন্ধুদের আমি বিপদে ফেলতে পারি না!
কোথায় চললে, বন্ধু?
জানিনা! দেখি সাইকেলটা কতদূর টেনে নিয়ে যায়!


মাইক... আমি সঙ্গে যাব!
কি করে যাবে, ল্যাঙ্ক... তোমার চাকরী আছে!
কিন্তু গত দু' বছর আমি ছুটি নিইনি... ছুটি পাওনা আছে!
কোন লাভ নেই! সাইকেলে দু'জন চড়া আমি পছন্দ করি না!
"সাইকেলের কথা কে বলছে? আমার এক বন্ধুর একটা দারুন তাঁবু গাড়ি আছে... যে কোন সময়ে আমি সেটা ধার পেতে পারি!..."
বিশেষ ধরনের তাঁবু গাড়ি সেটা, মাইক! বিছানা আছে... স্টোভ আছে...
না... আমার তা মনে হয় না...
গাড়ির পেট্রল আর আমাদের খাওয়ার জন্যেই কেবল খরচ লাগবে... আমরা ভাগ করে নেব!
এসো, ভাবা যাক... বড় বড় শহরগুলো এড়িয়ে চলাই আমার পক্ষে নিরাপদ হবে...
তার কোন মানে নেই, মাইক... তার কোন মানে নেই ~
সিয়াসিরি~
... এই হল ব্যাপার, স্টিভ!... ল্যাঙ্ক আর আমি একটু আড়ালে থাকছি... যোগাযোগ রাখব!
কখন যাচ্ছ, মাইক?
যত তাড়াতাড়ি, হয় ততই ভাল... ল্যাঙ্ক তাঁবু গাড়িটা আনতে গেছে!
এদিকে ~
ধ্যাত্! বন্দুক দরকার হবে বলে মনে হয় না!
কিছুই বলা যায় না, ল্যাঙ্ক! ...গুলি বারুদগুলো ডানদিকের বিছানার নীচে!
"এটা পাহাড়ি অঞ্চলের ছোট্ট শহর, নাম মর্গান সেন্টার!
মাইক, আমার বন্ধু শিকারের আর মাছ ধরার একটা দারুন জায়গার কথা বলেছে!


ওঠো, বন্ধু... আমরা বড় রাস্তা ছেড়ে, পাহাড়ি, শহরতলিতে পৌঁছে গেছি!
আঃ! বিরাট ব্যাপার...
আর ভোর হতেই মাইক আর ল্যাঙ্ক ধার করা তাঁবু গাড়ি করে দক্ষিণ পশ্চিম অঞ্চলে হাজির হল —
...সিমেন্ট মেশানোর যন্ত্রের উপরও এর থেকে ভাল ঘুম হত!
এই গুলি ছোঁড়া লোহাগুলো অন্য কাজে লাগত! ... এ দিয়ে #✻✻!! যাচ্ছে তাই বালিশ হবে!
চোখদুটো জ্বালা করছে! মর্গান সেন্টার কতদূর, ল্যাঙ্ক?
মনে হচ্ছে সামনেই শহরের সীমানার চিহ্ন, মাইক!
মনে হয় তুমি বলেছিলে এখানকার লোকেরা অতিথিপরায়ন!
মর্গান সেন্টারে স্বাগত
জোরে গাড়ি, চালাবেন না
বিনা কাজে ঘুরবেন না
ফেরিওয়ালাদের প্রবেশ নিষেধ
ভিখারীদের প্রবেশ নিষেধ
তালিম না পাওয়া কুকুরদের প্রবেশ নিষেধ।
ল্যাঙ্ক, মনে হচ্ছে মর্গান সেন্টার গভীরভাবে ঘুমোচ্ছে... গাড়িটাকে থামিয়ে আমিও তাই করব।
বলতো, কোনটা ঠিক!


মাইক আর ল্যাঙ্ক স্থানীয় একটা পার্কে বিশ্রাম করছে ~
মাইক, কোন তাঁবু ফেলার মাঠে গেলে হত না?
কেন? ফলকে লিখেছে...” মর্গান পার্ক... জনসাধারনকে স্বাগত ”!
...আর আমি এক-জন ক্লান্ত সাধারন মানুষ...
ঠক্! এই কে ওখানে?
ঠক্! ঠক্! শুনতে পাচ্ছ?... মাথার উপর হাত তুলে বেরিয়ে এস!
ধেত্তে, খোকারা, তোমাদের মোটা জরিমানা আর জেল হবে!
...কারন তোমরা এই শহরের প্রতিষ্ঠাতা বি. ক্লে. মর্গানের বিশ্রামের জায়গায় গোলমাল করেছ!
মর্গান সেন্টারে বিদেশীদের আমাদের প্রতিষ্ঠাতাকে বিরক্ত করাটা আমরা অন্যায় মনে করি!
ও: ঠিক আছে!... আমরা দু:খিত!
অবশ্য ভাল কাজের জন্যে দান করলে... বৃদ্ধ মর্গান ক্ষমা করতেন...!
টাকার থলেটা নিয়ে আসছি!
দশ ডলারেই... বোধহয়, লোহার তৈরি বৃদ্ধ মর্গান আমাদের ক্ষমা করবেন?
ওটা কুড়ি, করুন, আমি দেখছি!


তার মানে কি আমরা রাতটা এখানে থাকতে পারি?
কক্ষনো না, খোকন...এখানে আমরা ঝামেলাগুলো একজায়গায় রাখতে চাই... তাঁবু ফেলার মাঠটা হল শহরের শেষে...
ইয়ে...নাচের মঞ্চের পাশেই!
যাক, চিফ অন্তত আমাদের জেলে ভরেনি!
ধেত্তে, ও*!! দাঁও!...বাজি ফেলতে পারি আমাদের কুড়ি-ডলার সোজা ওর পকেটে গেছে!
কি কাণ্ড... লোকটা বলল তাঁবুর মাঠটা হল নাচ মঞ্চের...
...পাশেই...!
ওঃ না!!
ডিস্কো
ডিক্সির ডিস্কো
বাড়াবাড়ি! মাইক, আমি বলেছিলাম শহরটা বস্তু হবে!
হা ভগবান! তাঁবুর মাঠটা হল নাচের মঞ্চের পেছনে গাড়ির জায়গায়!!
এসো, জায়গাটা বেশ মজার মনে হচ্ছে!
হুঁ? সবারে তা মনে হচ্ছে না!
যেতে দাও! ববি ক্লে!! আমি বাড়ি যাচ্ছি!
এই মেয়ে সরে যাও! তাঁবুর মাঠে গাড়ি ঢোকাব!
গাড়ি রাখার জায়গা
তাঁবুর মাঠ
ঘুঁষি খেয়ে নাকটা সামলিও, খোকন!
এ ব্যপারটা আমি দেখছি, মাইক!



মেয়েটিকে ছেড়ে দাও!... না হলে আমি...
ল্যাঙ্কি! চলে এসো!
জংলীটা তোমার মাথা ভেঙে...
দাম!
...দেবে...!
কিন্তু ততক্ষনে~
ইয়াঃ!
ক্লি-উইস
এটা সামলাও, জংলী!
স... সবাই মিলে আমার নাকটা ভাঙল!
এই যে, কারেন স্যু তোমাকে সাহায্য করবে!
কিন্তু আমি ভাবলাম তুমি লোকটার হাত ছাড়াতে চাইছ!
তোমাকে কে নাক গলাতে বলেছে, শুঁটকো গুন্ডা!
কিন্তু...
ল্যাঙ্কি, রাস্তায় মারামারির ব্যাপারে তোমাকে অনেক কিছু শিখতে হবে!
এ পাগলামী, ল্যাঙ্কি... বাচ্চাটা তোমাকে খুব জোরে মেরেছিল!
আমি জিতেছি, তাই না?
গাড়ি রাখ
একটা লড়াই! কিন্তু তার মানে যুদ্ধ শেষ মনে কোরো না!


ওঃ! ওঃ! দেখ...
মর্গান
মর্গান সেন্টারের এক নম্বর পরিবারের এক জনকে আমি মেরেছি!
তার মানে আমরা শহরে খুব একটা খাতির পাবনা!
চট করে একটু ঘুমিয়ে নিই... পরে রাস্তায় বেরুব!
আমি ভীষন চিন্তিত... ঘুম আসবে না... ডিস্কো দেখে আসি... ভাবনাটা কমবে!
ডিস্কো
গাড়ি রাখার জায়গা
এদিকে—
এসো, ববি ক্লে... নাকে ঠান্ডা কাপড় চেপে ধরি!
এই মুহূর্তে সেই শুঁটকো ছোঁড়াটার সঙ্গে দেখা হওয়া দরকার... আর মাত্র একবার!
এক ঘন্টার উপর মাইক ঘুমোবার জন্যে ব্যর্থ চেষ্টা চালিয়ে যাচ্ছে...
হুল্লোড়ের কথা বল! নার্জ!! তাদের যদি দমাতে না পারো ... সঙ্গে যোগ দাও
ডিস্কো
মদ বিয়ার
মনে হচ্ছে আমি ল্যাঙ্ককে ঐ কোনে ঘুমোতে দেখেছি।
হা ভগবান! এ বাচ্চাগুলো যেন পাগলামী শুরু করেছে!
মাইক ল্যাঙ্কের খোঁজে ডিস্কোতে ঢুকতেই...
এসো, একটু ঘুমিয়ে নেবে চল!
ওঃ..
ফোনটা ধর, শ্রীমান! আমি তোমাদের সঙ্গে কথা বলব!


কি হে, ছোকরা, এটা সারারাত খেয়াল আছে ?!
এক মিনিটের জন্যে আমার ঘরে এসো তো, শ্রীমান... তোমাকে নিয়ে একটু ব্যবসার কথা ভাবি !
?
এ শ্রীমান তো সাধারন নাচিয়ে নয়! লোকে ওর জন্যে পাগল! ও তাদের মাথা ঘুরিয়ে দিয়েছে। তারা ওকে ভালবেসে ফেলেছে !
আপনার খদ্দেররা বোধ-হয় অল্পেই খুশী হন!
ও সব ছাড়ুন, মশাই ! ল্যাঙ্ক তো কেবল বাজনার তালে তালে নড়া চড়া করেছে !
আপনি সেটাই দেখে-ছেন, দাদা !
পরিচালক ব্যক্তিগত
আমি দেখেছি... যাদের সন্তুষ্ট করতে হবে ... খদ্দেরদের
শ্রীমান, তাদের সুন্দর খুদে চোখে টাকা খরচ করার চাউনি !... অনেক টাকা... আমাদের দুজনার পকেটেই ঢুকতে পারে।
সপ্তাহে এক'শ ডলার... প্রতি রাতে দুবার প্রদর্শনী, শ্রীমান
ডিস্কোর মালিক ল্যাঙ্ককে চাকরী দিতে চাইলো, কিন্তু...
আমি তোমার অভি-ভাবক নই ... হলে "না" বলতাম !
কি... কিন্তু, মাইক... শুধু নাচের জন্যে সপ্তাহে এক'শ !


বন্ধু, তুমি ভুলে যাচ্ছ... এখন তো আমার ছুটি!
ডিস্কো
ডিক্সির ডিস্কো
তুমি নিজে বোকা বনতে চাইলে বুড়ো মাইক আর কি করবে?
ডিস্কোতে আপনার জন্যেও একটা চাকরি আছে, দাদা!
আমার ম্যানেজার কেবলই কয়েক সপ্তাহের ছুটি চাইছে...
কিন্তু মাত্র দু সপ্তাহের জন্যে! তারপর চলে
এদিকে... তাঁবুর মাঠে~
হুঁম্‌... বাজি ফেলতে পারি দরজার তালাটা ভীষন পলকা!
ডিস্কো
গাড়ি রাখার
বা... বা!... এ গুলোর ব্যাপারে কি বলবে?
এখানে আপনি @*!!* কি করছেন?!!
মাপ কর! শচনটা জোগাড় করার পক্ষে সময়টা খুব সুবিধের নয়!
দুই বন্ধু তাঁবু গাড়িতে ফিরে এল!
তবে এ ভুলটুকু জজসাহেব ক্ষমা করবেন...
...যখন দেখবেন অপরাধটা হল বিনা হুকুম-নামায় আগ্নেয়াস্ত্র রাখার মারাত্মক অপরাধ!



তোমরা দেখছি জেলে **যাবেই** ঠিক করেছ!
কি... কি বলছেন, উনি, মাইক?
এই মারাত্মক অস্ত্রগুলো, খোকা!
মর্গান সেন্টারে বিনা হুকুমনামায় আগ্নেয়াস্ত্র রাখা শাস্তি-যোগ্য অপরাধ!
ওঃ, তাই বলুন, চিফ! ও তো শিকারের রাইফেল!
তাছাড়া আমরা এ সব বিটকেল আইন জানতাম না!
বেশি চালাক হয়োনা, খোকা!... আরও একটা অভিযোগ জুড়ে দেব!
প্রতি বন্দুকের জন্যে সাধারনত: ৫০০ ডলার জরিমানা হয়!
বেশ... বেশ... আদালতের বাইরে ব্যাপারটা মেটাতে কত লাগবে?
আদালতের বাইরে মিটমাট করতে গেলে আমাদের সব টাকা শেষ হয়ে যাবে, চিফ!
সেটা তো বড় লজ্জার কথা! কারন আমাদের এখানে ভিক্ষা করার বিরুদ্ধে আইনটা বেশ কড়া!
তাতে আমাদের ভয় নেই!... আমরা দুজনেই ডিস্কোয় চাকরী পেয়েছি!
বলতে হবে না... তার মানে আমরা পরস্পরকে আরো দেখতে পাব!
হ্যাঁ, স্যার... **সব কিছু**...
চলি খোকারা!
পরে ~
ডিস্কি, আস্কারি হয়ে... আমাদের মতলব কিছুতেই বানচাল হবে না!
উত্তেজিত হয়ে পড়েছ, চিফ, ঠান্ডা হও! স্বাভাবিক থাক... আর টাকা আমদানি কর!



পরদিন প্রাতে~
আমরা তৈরি ল্যাঙ্ক?
খাবার জন্যে তৈরি!
দাঁড়ান, গাড়ির সংখ্যা দেখে মনে হচ্ছে ডিস্কোর আসরে বেশ ভীড় হয়েছে!
তুমি কখন শুরু করবে?
মনে হচ্ছে, "মিসমিসি"...
তোমার নাচের সঙ্গী দরকার হলে আ... আমি... আছি!
ঠিক তখন~
উঃফ!! আমাকে যেতেই হবে! ছেড়ে দাও!
অ্যা?
এই চিমসে বদমায়েসদের সঙ্গে কি করছ তুমি?
ববি ব্লে, লোকটা ওর সঙ্গে নাচতে আমাকে বাধ্য করছে!
কি বলছ? তুমিই তো নাচতে চাইলে?
তোমাকে আমি গুঁড়ো করব, ছোঁড়া!
আপনারা থামুন! দোহাই!
চেষ্টা কর না!
ববি ব্লে, ভুলে যাচ্ছ তোমার অন্য কাজ আছে?
তোমার বন্ধুরা পেছনের ঘরে অপেক্ষা করছে। তারা দেরি করাটা পছন্দ করবে না!
ল্যাঙ্ক, শুনলাম তুমি আর মর্গানের ছেলেটা প্রায় হাতাহাতি বাধিয়েছিলে!
হ্যাঁ, তবে কিছু হবার আগেই ডিক্সি থামিয়েছে!
ঠান্ডা হও! তোমাকে সাহায্য করতে যাবার আসার সময় নেই!
এদিকে ডিস্কোর পেছনের ঘরে~
শরীরের ম্যাজ ম্যাজানি ছাড়াতে কিছু আন, ডিক্সি... তারপর কাজে লাগব!


আমার বাজনা শুরু হয়েছে, মাইক!...
হ্যাঁ, লোকে যাকে "ঠংসং ভাঙ্গা" বাজনা বলে!
আমার একটা উপকার কর, দাদা!
একটা ট্রে একটু পেছনের ঘরে পৌঁছে দাও!
ক্লাবু যে রেস্তোঁরার কাজও করে সেটা জানতাম না!
কিছু অদ্ভ ভদ্রলোক ... এসো!
ও ... তাহলে পেছনের ঘরে এই চলে!
পরে ~
পেছনের ঘরের ভদ্র-লোকরা কি করছেন, ডিক্সি?
স্থানীয় সামাজিক মেলামেশা, দাদা!
হ্যাঁ ... কিন্তু মাতলামি আর জুয়া-খেলা বে-আইনী কাজ!
ছেলে মানুষী কর না! তোমার এ কথাগুলো আমি কাউকে বলছি না, নোমাড...যদি অবশ্য বাঁচায় তোমার অরুচি ধরে না থাকে!
এদিকে ~
আমাদের নাচের সঙ্গী নেবে, ল্যাঙ্ক?
ওঃ, না! একে আর না!
ওঃ দোহাই! তুমি দারুন নাচ!
এটা কি



সেই সময়ে ডিস্কোর পেছনের ঘরে—
পরের খেলা থেকে আমাকে বাদ রাখো... একটু বেড়াতে যাব।
ঠিক আছে, ববি ক্লে!
খেলা ছেড়ে, যাচ্ছ, ববি ক্লে?
তাসগুলো আমার কথা শুনছেনা, ডিক্সি!
গাড়ি রাখার জায়গায় একটু ঘুরে এলে, কপালটা ফিরতে ...
ওঃ!! ক্যারেন সুকে বলেছিলাম ঐ চিমসে শয়তানটার কাছ থেকে অনেক দূরে থাকতে!
ববি ক্লে, শান্ত হও! এখানে গোলমাল পাকিওনা ... দোহাই!
বাইরে হিসেব মেটাও! ... একটু পরেই ও বিশ্রাম পাবে!
দুটো নাচের মাঝখানে কতটা সময় পাও, ল্যাঙ্কি?
প্রায় এক ঘন্টা... কেন?
একটু বেড়াতাম আর ...
না, ধন্যবাদ! ও... ওটা ...কি?!
ডিস্কো
সেই সময়~
চুলোয় যাক সেটা, ডিক্সি! আমি ঠিক হাতেই ধরেছি!
দু:খিত, চিফ! তুমি বাইরে এসো! এক্ষুনি!
চুপ.... গাড়ির জায়গায় একটা লোকের দেহ!
আমার গাড়ি থেকে চাদরটা আন, ডিক্সি... বেচারার শরীরটা চাপা দিই!


যাঃ! একঘন্টা বেশি বাইরে আছি... ফেরা উচিত...
ওখানেই দাঁড়াও, খোকা!
গাড়িরাখার জায়গা
অ্যাঁ... ওঃ... আরে, চিফ!
ল্যাঙ্ক বটকিন্স! তোমাকে গ্রেপ্তারের দুঃখজনক কাজটা আমাকে করতে হচ্ছে... হত্যাকারী সন্দেহে!
কি... কী!?
আমার বলে দেওয়া উচিত, খোকন... তোমার চুপ করে থাকার অধিকার আছে... আর ...
আরে! কি হচ্ছে?
বেশ!... এবারের অভিযোগটা কি, চিফ?
হত্যার উদ্দেশ্যে গুলি চালান... এবং ববি ক্লে মর্গানকে হত্যা করা!
আমি পুলিশের নৃশংসতায় বিশ্বাস করিনা, খোকন ...হাতকড়াটা বেশি শক্ত হলে বলবে।
মাইক! কি... কিছু কর!
ঠিক কি ভাবে ও*!!* আপনার মনে হল ল্যাঙ্ক ববি ক্লে কে মেরেছে?
হত্যার অস্ত্রটা আমি চিনতে পেরেছি, মিস্টার... আপনাদের তাঁবু গাড়িতে রাখা বন্দুকের একটা!
হতে পারে! কিন্তু তাতেই প্রমান হয়না ল্যাঙ্ক ট্রিগার টেনেছে!
কেউ গাড়িতে ঢুকে ওটা চুরি করে থাকতে পারে!


তা পারে...তবে আমি একজন মাত্র "কেউ"কে জানি যে একটা মেয়ের ব্যাপারে ববির সঙ্গে মারামারি করছিল।
এ পাগলামী! আমি প্রমান করতে পারি আমি ববিকে মারিনি।
...ক্যারেন স্যুকে জিজ্ঞেস করুন! আমরা একসঙ্গে ছিলাম...এমন সময় শব্দটা হল।
পুলিশ
চিফ ক্যারেন স্যুর সঙ্গে কথা বলা পর্যন্ত দাঁড়াও... মেয়েটাই বলবে তোমরা কি মারাত্মক ভুল করছ!
আমি ববি ব্লেককে খুন করতে পারি না!
ল্যাঙ্ককে হত্যাকারী সন্দেহে গ্রেপ্তার করা হল...
তোমাকে গ্রেপ্তার করতে খারাপ লাগছে, খোকন...কিন্তু ছোট্ট খুকীটি যে অন্য সুরে গাইছে!
তোমার কোন উকিল নেই তাই নোমাডকে আসতে বলেছিলাম।
তোমার একজন ভাল উকিল দরকার!
ক্যারেন স্যু বলছে তুমি নাচ ঘর থেকে বেরিয়েই ববির পিছু নিয়েছিলে... তোমার চোখে তখন আগুন!
কি... কী?!
ক্যারেন স্যুর গল্পের সঙ্গে তোমারটা মিলছেনা... কোন জায়গাটাই নয় খোকন...
বলছে...আমরা নাচছিলাম...ল্যাঙ্ক তখন ববি ব্লেককে সাংঘাতিক ভাবে শাসালো...


ক্যারেন স্যু মিথ্যে কথা বলছে! ববির গুলি লাগার সময় সে আমার সঙ্গে ছিল!
এটা তার কথার বিরুদ্ধে তোমার বক্তব্য, তোকন!
সে স্থানীয় মেয়ে... তুমি বিদেশী. অবস্থাটা বুঝেছ?
এদিকে ক্যারেন স্যুর বাড়িতে —
কিন্তু সবাই সমাধি ক্ষেত্রে তোমাকে আশা করবে, সোনা!
কিছু করার নেই, মা! আমাকে যেতেই হবে... ইয়ে... আমার দু:খের কাছে আমাকে থাকতেই হবে!
বিচারের সময় পর্যন্ত ছেলেটাকে নিরাপদে রাখার চেষ্টা করব, নোমাড!
কি বলছেন, "নিরাপদ"?
ববি ব্লেকের আত্মীয়, বন্ধু, তাদের বন্ধু, ইত্যাদিরা দেশের এই অঞ্চলটা ভরিয়ে রেখেছে ...
এদের মধ্যে কোন মাথা গরম যদি... ইয়ে... দেশকে একটা নিয়ম মাফিক বিচারের হাত থেকে অব্যাহতি দেবার চেষ্টা করে...
তার মানে বলতে চান ল্যাঙ্ক খুন হতে পারে, চিফ?
হতে পারে ... তবে আমার সন্দেহ আছে!
জানেন তো ববি খুব জনপ্রিয় লোক ছিল না!
শহর পুলিশ
পুলিশ
কেউ থাকতে পারে যারা এই সমাধিটা উৎসব মনে করবে!
আম্মাকারি ল্যাঙ্কের বদলে আমি একটা ফোন করলে কোন বে আইনী কাজ হবে না!
দুটো ডলার টেবিলে রাখুন, মিস্টার!


রোপার বলছি!
স্টিভ!... সাহায্য দরকার!
ব্যাপারটা একটা দুঃস্বপ্ন মনে হচ্ছে, স্টিভ! এরা ল্যাঙ্ককে প্রায় বিচার করে ফাঁসি দিয়েছে!
এ আমার কাছে অবিশ্বাস্য লাগছে, মাইক
বিশ্বাস কর! এ শহরটাকে তুমি চেন না!
আসামী পক্ষের সরকারী উকিল থাকে সেটা এরা জানেই না!
সে চুলোয় যাক, মাইক... আমি প্রুফ দলের লোক পাঠাচ্ছি!
শহর পুলিশ
বন্ধুদের কাজে লেগেই, চিফ!
ছেলেটার জন্যে উকিল জোগাড় করেছেন?
হ্যাঁ... স্টিভ রোপার প্রুফদলের এক উকিলকে পাঠাচ্ছে!
নাম হল এ. বি. রোম!
আশাকরুন মিঃ রোম একজন জাদুকর হন!
এ. বি. রোম
মাইক, মিস্টার রোম নিশ্চই একজন ভাল উকিল... আমার ভয় করছে!
স্টিভ ভদ্রলোকের বিষয়ে বিস্তারিত বলেনি... কেবল বলেছে "তীক্ষ্ণবুদ্ধি"!
আর তিনি প্রুফদের ব্যক্তিগত বিমানে আসছেন!
একটু পরেই ছিমছাম জেটটা মর্গান সেন্টারের কাছে হাজির হল!
পুরো শহরটাই বোধহয় ল্লের সমাধিতে গেছে, মাইক!
হ্যাঁ... তোমার কয়েদ ঘরের জানলার সামনে দিয়ে ওদের যাওয়াটা দারুন হয়েছে!
আশাকরি মিঃ রোম নিশ্চই পৌঁছুবেন!


আরে, খোকন! তোমার...হি হি... হা! হা! তোমার উকিল এসেছেন!
হি! হি! হি!
আপনি জেলে যাননি...তাহলে আপনি নিশ্চই নোমাড, আমি এ্যাবি রোম!
...এ্যাবি?!
ইনি নিশ্চই আমার মক্কেল!
জেনে রাখুন, মিস্টার... এই খুনের মামলার বিচারে গ্রামের মেলার থেকেও বেশি ভীড় হবে!
স্টিভ একজন মহিলাকে পাঠাল কেন?
কারন আমি এই রাজ্যে জন্মেছি...বড় হয়েছি ...নোমাড!
এখানকার আইন-স্কুলে পড়েছি...এই রাজ্যের ওকালতি পরীক্ষায় পাশ করেছি!
তাই জন্যে!... স্টাফ আইন সংস্থায় এক-মাত্র আমিই মর্গান সেন্টারে ওকালতি করতে পারি!
কপালগুনে এখানে জন্মা-নয় আমি আপনার উকিল হয়েছি, ল্যাঙ্ক...কিন্তু...
কিন্তু কী!?
আগেই বলে রাখছি... আমার বিদ্যে কিন্তু... ইয়ে... কম...!
আমি হলাম মানহানির মামলার বিশেষজ্ঞ... এই অপরাধি আইন আমার কাছে দুর্বোধ্য!
অ্যাঁ!
আঁক!
এসো, ল্যাঙ্ক! তুমি আর আমি মিলে অপ-রাধ আইনটা পড়ি!
হায় ভগবান!
এটা দলবদ্ধ সাক্ষাৎকার নয়, নোমাড! ...চলে যান!



আইনতও লেলনাটি ...হি...হি... কেমন?
ঠাট্টা করবেন না, চিফ!
আমি বাজি ফেলছি, মিস এ্যাবি রোম সব ছেড়ে, রান্নাঘরে ঢুকবেন?
এদিকে ~
ব্যাপারটার মোকাবিলা করা যাক, ল্যাঙ্ক... সে মেয়েটা তোমার হয়ে সাক্ষী না দিলে...আমাদের বড়ই বিপদ!
আপনারা হয়তো আমাকেও এর সঙ্গে জড়াতে চাইবেন!
আপনাদের তাঁবু গাড়িতে আমাকে তল্লাশি করার হুকুম দিয়ে জজসাহেব এক শমনে সই করেছেন!
শমনে সব আছে, মিস্টার... গাড়িটা তল্লাশি করার অধিকার আমার আছে!
ওটাকে ভেঙে চুরমার করতে পারেন এ কথা নেই!
গাড়ি রাখার জায়গা
কি খুঁজছেন, আপনি?
একটা দারুন মূল্যবান জিনিস... আসামী ল্যাঙ্ক বটকিন্স মৃত ববি ব্লেয়ের কাছ থেকে এনেছিল!
পরে~
কি খুঁজছিলেন সে কথা কি চিফ বলেছেন, মাইক?
উঃফ! উনি কেবল তাঁবু গাড়িটাকে ভাঙচুর করলেন তারপর... অভিশাপ দিয়ে চলে গেলেন!
মাইক, আমি মর্গান ভবনে আছি... রাতে আমার সঙ্গে খাবেন?
আপনি চাইলে যাব!
আমি বললাম ল্যাঙ্ককে জামিনে ছাড়া হোক...জজসাহেব আমার মুখের উপর হাসলেন!
কেন?
আপনারা পর্যটক... যে কোন সময়ে শহর ছেড়ে, পালাতে পারেন!



সেই সময়~
জেঙ্কো, রাতের খাবার নিয়ে এসো, যাও!..
...এবার আমি নিজে একটু "গোয়েন্দাগিরি" করব!
তোমার জামাকাপড়-গুলো আমাকে দাও, খোকন! এই চাদরটা জড়িয়ে নাও!
কে...?? কেন??
ছোকরা, সাবধান!... ধৈর্যশীল বলে আমার খুব খ্যাতি নেই! কোথায় সেটা?
কি... কোথায়?
ফর রর
আমি একটা পুরান ছোট্ট খাতা খুঁজছি। প্রায় এত বড়!
ববি ব্লে তার জিনসের পেছনের পকেটে সেটা সব সময় রাখত!
যে তাকে মেরেছে খাতাও সে-ই নিয়েছে। সে জানে জিনিসটা অনেক লোকের কাছেই দারুন দরকারি!
ববি ব্লের খাতা আমি নিতে পারিনি, চিফ... কারন আমি তাকে মারিনি!
আমার সামনে চেঁচিও না ছোকরা!
এগুলো পরে নিয়ে নিজের কুঠুরিতে চলে যাও!
জেঙ্কো! মাইক নোমাডকে ডেকে আন। এখানে! এক্ষুনি!
হ্যাঁ, সার!


খোকা... এমন একটা কিছু ঘটতে যাচ্ছে সেটা আমাকে জীবনে দেখতে হবে ভাবিনি !
নিগামিরি
মি: নোমাড কি গ্রেপ্তার, জেম্মো ?
চিফ কথাটা ঠিক সে ভাবে বলেন নি, মিস্ রোস !
তিনি কেবল একটা আমন্ত্রন জানিয়েছেন সেটা এড়ান যাবে না !
ক্লিক !
আপনি বলেছেন ল্যাঙ্ক নির্দোষ ?
না, ম্যাডাম !... আমি শুধু বলছি আমার ভুল হয়ে থাকতে পারে... সে অপরাধী এব্যাপারে আমি নিশ্চিন্ত নই !
... আমার মনে হয়েছিল আবেগ হত্যার একটা কারন হতে পারে..., তবে প্রমান জিনিসটাই ভাল !
এই মুহূর্তে আমি জুরিহলে ... আমাকে বলতে হত এটা " যুক্তিপূর্ন সন্দেহ "!
চিফ, আপনি ঠিক কি বলতে চাইছেন ?
এখন ছেলেটার বিচার হলে ও অপরাধী প্রমানিত হয়ে যাবে !
সাক্ষ্য প্রমানগুলো খুবই জোরাল !
ল্যাঙ্ক দোষী এটা যদি নিশ্চিত না জানেন তাহলে তার জামিনে ছাড়া পাওয়া উচিত!
বড়, বড়, সহরে আইন আমার কাছে কপচাবেন না মিস রোস !
এই মুহূর্তে বটকিন্সই আমার হাতে একমাত্র সন্দেহভাজন লোক।


আপনারা যে লোকটাকে দেখছেন ওকে আগামী নির্বাচনে জিততে হবে... নয়তো অবসর নিতে হবে... পাবে সামান্য ভাতা !
ব্যাপারটা বোঝার চেষ্টা করুন... আমাকে এ শহরে থাকতে হবে !
পুলিশ
এমন কি অপরাধীর মন নিয়ে থাকতে হলেও ?
আপনার কাজ সম্বন্ধে উপদেশ দেওয়াটা আমার কাজ নয় মিস রোম !
" তবে আমি বটকিসের উকিল হলে ববি ব্লেরের মৃত্যুতে যারা লাভবান হবে তাদের দিকে নজর দিতাম... "
অবিশ্বাস্য ! চিফ প্রায় স্বীকারই করলেন ল্যাঙ্ক নির্দোষ !
কেবল নিজের চাকরিটা রাখার জন্যে ছেলেটাকে ফাঁসিতে ঝোলাচ্ছেন !
ভাবছি উনি কাকে আড়াল করছেন !
এদিকে... শহরের আর এক প্রান্তে –
বাড়িতে এস, ক্যারেন স্যু !
কি...? ঝোপের আড়ালে লুকিয়ে তোমরা কি করছ ?
আঃ... তোমরা আমাকে মারছ !
এখানে ফিরলে কেন, ক্যারেন স্যু ? গল্পটা বদলাবে ? জবাব দাও !
মনে হচ্ছে চিফ চান আমরা ববির হত্যাকারীকে খুঁজে বার করি !
আঃ... এ শহরে সে আশা খুবই !
দেখুন... ক্যারেন স্যু... কি ভাবে ল্যাঙ্কের সঙ্গে থাকার ব্যাপারটা মিথ্যে কথা বলল !


মাইক আর এ্যাবি রোম ক্যারেন স্যুকে খুঁজতে বেরুল—
প্রথমে, ক্যারেন স্যুর বাড়িতে আগে দেখি, মাইক... হয়তো সে ফিরে এসেছে!
এ্যাবি, তার মিথ্যে কথাটা ভাঙতে পারলে ল্যাঙ্ককে বাঁচান যাবে!
আমরা তাকে অনুরোধ করতে পারি অথবা...
ওর বাড়িটা পরের সারিতে হবে... ওহো! লোকগুলো কি করছে?
কেন... কি?... কে ও?
এ হল ক্যারেন স্যু লিওনস... কেউ ওর ঘাড় ভেঙে দিয়েছে!
... ক্যারেন স্যু খুন হয়েছে!
কিন্তু এবার খুনী অসাবধান ছিল! একটা পুরান নাম-লেখা চিরকুট ফেলে গেছে!
"এবার" মানে?
আর "নাম লেখা চিরকুট", চিফ?
আমরা ক্যারেন স্যুর হাতে এক টুকরো পুরান কাগজ পেয়েছি, মিস!
এটা হল ববি ক্লে-র হারান খাতার একটা পাতা!
দলটা আজ ডিস্কোয় পোকার খেলবে, নোমাড... আপনি সেখানে থাকলে আমি বাধিত হব!
পরে মাইক আর এ্যাবি ডিস্কোয় চিফের সঙ্গে দেখা করল...
আপনি নিশ্চই সত্যিই পোকার খেলবেন না, চিফ!
খেলার এত ইচ্ছে আগে কখনো হয়নি, মিস রোম!
ডিস্কো
গাড়ি রাখার জা


আর এর থেকে বড় বাজি কখনো ধরিনি ...
আপনি এখানে দাঁড়ান, ম্যাডাম... যে লোক দু'টো খুন করেছে তার তিন নম্বরটা করতে তাকে খুব ভাবতে হবেনা !
দরজার পাশে থাকুন, নোমাড ... কেউ যদি পালাতে চেষ্টা করে... !
তাস টেবিলে রাস্কুল আর হাত-গুলো উপরে যাতে আমি দেখতে পাই !
তোমার ধারনা আমরা কেউ ক্যারেন স্যুকে মেরেছি ?... ভাল! তোমার রসবোধ একটু অন্য-রকম, চিফ !
নিশ্চই, ডিক্সি ...
আ... আমাকে চোখ রাঙাচ্ছ কেন, চিফ ?
এক ডিস্কো মালিককে আমার দরকার... যার তাসের কপালটা খারাপ !
একটু ভাল করে মদ খাও !
ক্যারেন স্যুর কাছে ববির খাতাটা ছিল... সেটা নেবার জন্যে খুনী স্যুর সঙ্গে ধস্তাধস্তি করেছিল !
খাতাটায় ববি তার পোকার খেলার অধমর্ণ-দের তমসুকের হিসেব রাখত !
এ খাতাটার কথা তুমি না তুললে আমি ভুলেই যেতাম !
ডিক্সি, তুমি খাতাটা চাইবার আগে ববি কিছু সন্দেহই করেনি !
একটা নির্দোষ কৌতু-হল, চিফ !
আমার সন্দেহ তোমার কৌতূহলী হবার কারন ... আঃ... ছিল ...
একবার সে বলেছিল তোমার তার কাছে দশ হাজার ডলার ধার আছে !



বলতে চান ডিক্সিই ক্যারেন স্যু আর ববিকে মেরেছে ?
ওর ধারনা হয়েছিল জুয়ার ধার মেটাবার এটা একটা স্থায়ী রাস্তা...
না!... না!...
কিন্তু সেই ধারের হিসেবের খাতাটা কোথায় ?
ববি হয়তো ক্যারেন স্যুকে সেটা দিয়েছিল নিরাপদে রাখার জন্যে ?! বেশ! এটা কি ?
ডাক্তারকে দিয়ে এই আঁচড়ের দাগগুলো পরীক্ষা করাব!
হ্যাঁ! বাজি ধরছি... ডাক্তার বলবে দাগগুলো হল ক্যারেন স্যুর হাতের নখের আঁচড়!
এবার! ঠিক কর ডিক্সি... স্বেচ্ছায় যাবে ? না এটা পরবে?
ভারী লোহার দরকার নেই, চিফ!... শান্ত ভাবেই যাব!... আমার লুকোবার কিছু নেই!
গলার দাগগুলো বেড়ালের আঁচড়!
ডিক্সি ইলেকট্রিকের প্রধান সুইচটা টেনে দিতেই... ডিস্কো বাজনা থেমে গেল... আলো নিভল... আর...
আরে?
আলো নিভে গেছে!
ক্লিক্!
প্রধান সুইচ
ডিস্কোর আলো ফিরে আসতেই ~
আমার মতে পালানর চেষ্টা হল স্বীকারোক্তির সমান, ডিক্সি!
কেন শয়তান..!!
ডিস্কো দখল! বিশ্বাস করতে পার? মেয়েটার কাছে খাতাটা ছিল। সে হয়তো আমাকে তাড়িয়ে দিত।
আরে!
চিফ, নিশ্চই বুঝছেন মোটা ক্ষতিপূরনের মামলা করার যুক্তি ল্যাঙ্কের আছে!
এটা একটা সত্যিকারের ভুল, মিস রোজ। আমার ধারনা কর্মজীবনে আপনিও কিছু কিছু ভুল করেছেন!
এর পরের সংখ্যায় কেরি ড্রেকের নতুন অভিজ্ঞতার গল্প "অপরাধের খাসমহল"।


Indrajal Comics
Takes you on an exciting adventure week after week
Indrajal Comics provides thrilling adventure through stories every week. Breath-taking, spine-chilling suspense unfolds itself as you turn over the pages of each issue of Indrajal Comics featuring one or the other of your popular heroes.
Phantom, the upholder of peace in the deep woods, Mandrake the Magician, accompanied by Narda and Lothar, who hypnotises his opponents into surrender, and Flash Gordon who zooms in space to ensure peace in the galaxy.
Bahadur - the brave,
Buz Sawyer, the Chief of Trouble Shooters Inc., who fights for the monarch and meek alike, Mike Nomad who travels far and wide to get justice for the oppressed, Garth who does the impossible in fighting for the right, Kerry Drake the police-man who offers a helping hand to the needy, and Rip Kirby, the ace detective, who solves the most complicated mysteries with relative ease... crime-busters all . . . fill the pages of Indrajal Comics week after week to provide enjoyable reading to the whole family.
Place your order for copies of Indrajal Comics with your nearest news agent -
Or, mail your subscription order to:
The Manager, The Times of India, 63 Montieth Road, Egmore, Madras-600 008.
OR, to the Circulation Department of our offices at Bombay, Delhi, Calcutta or Ahmedabad.

# রিপ্লের আজব খবর



মাথার মাপে
ঠিক ঠিক টুপি
তৈরির জন্যে
১৮৭০ সালে
ফ্রান্সে
টুপিমাপক
আবিষ্কার
হয়।



১৮০০ শতকে
ইয়র্কশায়ার, ইংলণ্ডের মেয়েরা
ছোট নদীর জল থেকে জোঁক খুঁজে
আর নিজেদের অনাবৃত পায়ে সেই
রক্তশোষকদের লাগিয়ে জীবন
কাটাত।




খ্যাতির দেয়াল


শিকাগো। ইল-এর জেম্স পার্ক উচ্চ বিদ্যালয়ের
ছেলেরা ভাল ফল আর নিয়মিত উপস্থিতির সম্মান দেয়াতে এটা তৈরি
করেছে। পদ্ধতিটা এত সফল হয়েছে যে এটা বর্তমানে ৬৪ ফুট
লম্বা আর ৯½ ফুট উঁচু।



নিউইয়র্কের ওয়ারেনবার্গের
গ্রেস লাঙ্গি ১৯৩৪ সালে ৩৪৮৫
ডলারে একটা প্যাকার্ড গাড়ি
কিনেছিলেন। ১৯৭৯ সালে সেটা
তিনি বিক্রি করেন
৬৫,০০০ ডলারে।




কচ্ছপ জাতের জীবরা
১৭,৫০,০০,০০০ বছরের প্রাচীন।



শিকাগো, ইল-এর টিম টাইরেল
২০,০০০ বোতলের ঢাকনা
সংগ্রহ করেছিল।

ক্যারাটে
হল প্রাচ্যের
লড়াইয়ের পদ্ধতি।
অনেকের মতে
খ্রীস্টজন্মের
১০০০ বছর আগে
ভারতবর্ষে এর
প্রচলন ছিল।






© 1981 King Features Syndicate, Inc. World rights reserved.